



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
প্রশাসন শাখা



www.bari.gov.bd

জয়দেবপুর, গাজীপুর-১৭০১

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০৫.৭৩.৫৫৯.১৮.১২৯৬

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭

২৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: মঞ্জুরীকৃত গৃহ মেরামত অগ্রিমের টাকা যথারীতি জমা না দেওয়ায় পুনরায় কিস্তির হার নির্ধারণ
প্রসঙ্গে- জনাব মোঃ মকলেছার রহমান (BARI2325), পাওয়ার পাম্প অপারেটর, প্রজনন বীজ
উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড়।

উপর্যুক্ত বিষয়ে আপনার ১৯-০৮-২০২০ খ্রিঃ তারিখের আবেদনের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের স্মারক নং- স্মারক নং-১১৪৯৫ তারিখঃ ০৭/০৬/২০১১ ইং মোতাবেক জনাব মোঃ মকলেছার রহমান, পাওয়ার পাম্প অপারেটর, প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড়কে গৃহ মেরামত অগ্রিম বাবদ ৬০,০০০/- (ষাট হাজার টাকা) মাত্র গ্রহণ করেছিলেন। তার মধ্যে ৬০ কিস্তির মধ্যে ৪৪ কিস্তি কর্তনের পর অবশিষ্ট অর্থ এককালীন পরিশোধের আবেদনের প্রেক্ষিতে ২২,৮৫৫/- (বাইশ হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র এককালীন পরিশোধের হিসাব দেয়া হয়েছিল। যা নভেম্বর/২০১৮ ইং মাসের মধ্যে পরিশোধের আদেশ ছিল। কিন্তু পারিবারিক অসুবিধার কারণে উক্ত অর্থ পরিশোধ করতে পারেননি। শর্ত থাকে যে, মঞ্জুরীকৃত অর্থ আপনি পরবর্তী মাসের বেতন বিল হতে ৬০ কিস্তিতে কর্তন করবেন। কিন্তু আপনি উক্ত শর্ত ভঙ্গ করতঃ ০২ (দুই) বছরের অধিককাল কিস্তির টাকা কর্তন করেন নাই। যাহা বিধি সম্মত নয় এবং একজন দায়িত্বশীল কর্মচারী হিসাবে আপনার এইরূপ কর্মকান্ড অফিস শৃংখলার পরিপন্থী। আপনার কর্তৃক অপরিশোধিত অর্থ ২২,৮৫৫/- এর নভেম্বর/২০১৮ ইং থেকে আগস্ট/২০২০ ইং পর্যন্ত অতিরিক্ত ১% হারে পেনালরেট সুদ ৪,৮৭৫/-। সুদ-আসলসহ= (২২,৮৫৫/- + ৪,৮৭৫/-) = ২৭,৭৩০/- (সাতাশ হাজার সাতশত ত্রিশ) টাকা মাত্র হারে সেপ্টেম্বর/২০২০ খ্রিঃ মাসের মাসের মধ্যে নিজ কার্যালয়ের ক্যাশ শাখায় এককালীন জমা প্রদানের নিমিত্ত অনুমতি প্রদান করা হলো। উক্ত অর্থ জমা দেওয়ার পর প্রামাণিক কাগজপত্রের সত্যায়িত কপি অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, তিনি নির্ধারিত সময়ের মধ্যে উক্ত অগ্রিম এককালীন পরিশোধ না করলে পরবর্তীতে পেনাল রেটে চক্রবৃদ্ধি হারে ১% অতিরিক্ত সুদ দিতে বাধ্য থাকবেন।

২৮-৯-২০২০

মো: মাহমুদুল হাসান

সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)

জনাব মোঃ মকলেছার রহমান, পাওয়ার পাম্প
অপারেটর, প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ,
পঞ্চগড়

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০৫.৭৩.৫৫৯.১৮.১২৯৬/১(৯)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭

২৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
- ২) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড়- উক্ত অর্থ জমা পাওয়ার পর ডিডি অথবা পে-অর্ডারের মাধ্যমে প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে
- ৩) উপপরিচালক (চলতি দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৪) সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৫) একান্ত সচিব, মহাপরিচালক মহোদয়ের কার্যালয়, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
- ৬) প্রধান কোষাধ্যক্ষ, অর্থ ও হিসাব শাখা, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
- ৭) কর্তন শাখা, অর্থ ও হিসাব শাখা, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
- ৮) মাস্টার ফাইল
- ৯) ব্যক্তিগত নথি।



২৮-৯-২০২০

মো: মাহমুদুল হাসান

সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)